

Phone call between External Affairs Minister and Foreign Minister of Madagascar

March 01, 2021

পররাষ্ট্রমন্ত্রী ও মাদাগাস্কারের বিদেশমন্ত্রীর মধ্যে ফোন বার্তালাপ মার্চ 01, 2021

দক্ষিণ মাদাগাস্কারে মারাত্মক খরার কারণে সৃষ্ট মানবিক সংকট মোকাবিলায় আন্তর্জাতিক সংহতি এবং সহায়তার জন্য মাদাগাস্কার সরকার যে জরুরি আবেদন জানিয়েছে তার প্রতিক্রিয়া হিসাবে, ভারত সরকার এক হাজার মেট্রিক টন চাল এবং এক লক্ষ এইচসিকিউ ট্যাবলেট পাঠিয়েছে। এই মানবিক সহায়তা নৌবাহিনীর জাহাজ জলাশ্ব মারফত পৌঁছে দেওয়া হচ্ছে। খাদ্য সহায়তা ও চিকিৎসা সামগ্রী নিয়ে 3 মার্চ জাহাজ বন্দর ছাড়বে এবং 21-24 মার্চ, 2021 তারিখের মধ্যে মাদাগাস্কারের এহোলা বন্দরে পৌঁছবে বলে আশা করা হচ্ছে।

মাদাগাস্কার সরকারকে ভারতীয় সহায়তা সম্বন্ধে আজ বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর মাদাগাস্কারের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ডঃ তেহিন্দ্রজানারিভেলো জাকোবা এ.এস অলিভাকে ফোন মারফৎ জানিয়েছেন। ফোনে কথোপকথনের সময়, পররাষ্ট্রমন্ত্রী ভারত ও মাদাগাস্কারের মধ্যে বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্কের কথা স্মরণ করিয়ে দেন এবং বলেন এই ধরনের মানবিক সংকটে মাদাগাস্কারের সহায়তা করার জন্য ভারত সবসময়ই প্রাথমিক সাহায্যকারীদের মধ্যে থাকবে। 2018 সালের সেপ্টেম্বরে, ভারতীয় নৌবাহিনীর এক জাহাজ মাদাগাস্কারে 1000 মেট্রিক টন চাল সরবরাহ করেছিল। 2020 সালের জানুয়ারিতে ঘূর্ণিঝড় ডায়ান যখন মাদাগাস্কারে আছড়ে পড়েছিল তখন ভারতীয় নৌবাহিনী অপারেশন ভ্যানিলার মাধ্যমে আইএনএস ঐরাবত সর্বপ্রথম সাহায্যের হাত বাড়িয়ে দেয়। 2020 সালের মার্চে আইএনএস শার্দূল আন্তিসিরানানা বন্দর পরিদর্শন করে এবং মাদাগাস্কারের উত্তরাঞ্চলে ভারী বন্যা মোকাবিলায় এইচএডিআর সহায়তার জন্য ভারত থেকে 600 টন চাল সরবরাহ করে।

ইএএম মাদাগাস্কারের পররাষ্ট্রমন্ত্রীকে আশ্বাস দিয়ে বলেন, যে ভারত মহাসাগরের উপকূলবর্তী প্রতিবেশী হিসাবে, মাদাগাস্কারের সরকার এবং জনগণ সর্বদা ভারতের সরকার এবং জনগণের সমর্থন এবং সাহায্যের ওপর ভরসা করতে পারে। পারস্পরিক স্বার্থজড়িত অন্যান্য বিষয় নিয়েও দুই পররাষ্ট্রমন্ত্রী আলোচনা করেন।

এই সফরকালে, আইএনএস জলাশ্বতে ভারতীয় নৌবাহিনীর একটি প্রশিক্ষক দল থাকবে, যারা দুই সপ্তাহব্যাপী মাদাগাস্কারে মালাগ্যাসি স্পেশাল ফোর্সের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ দেবে।

রিপাবলিক অফ কমোরোসের পোর্ট আনজুনেও থামবে আইএনএস জলাশ্ব এবং 1000 মেট্রিক টন ভারতীয় চাল সরবরাহ করবে। 2019 সালে অক্টোবরে কমোরোস সফরকালে ভারতের উপরাষ্ট্রপতি এই খাদ্য সহায়তা প্রদানের ঘোষণা করেন।

मादागास्कार ँवंग कोमोरौसेर मत वङ्कुदेशगुलर सार्थक वृद्धर गन्य खान्य ँवंग अन्यान्य सहायता प्रदानमन्त्री श्री नरेन्द्र मोदरर सारगर पररकल्पना ँवंग भारत महासागर अङ्गले मूल सुरक्षा प्रदानकारी हिसावे भारतेर भूमिका समयेर सार्थे परीक्षरत ँवंग सङ्गतरपूर्ण।

नरु डरल्लर

मार्च 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.